BR

# 2024

## M. A. Third Semester (CBCS) Examination

## Bengali

## Course - CC 3.1

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

১। 'বিষবৃক্ষ' উপন্যাসের নামকরণ কতটা যথাযথ আলোচনা করো। ১০

অথবা

নগেন্দ্রনাথ চরিত্রটি বিশ্লেষণ করে তাকে 'বিষবৃক্ষ' উপন্যাসের নায়ক বলা যায় কিনা, দেখাও।

২। 'চতুরঙ্গ' উপন্যাসটির গঠনরীতির অভিনবত্বের পরিচয় দাও। ১০

অথবা

জ্যাঠামশায় চরিত্রটি আলোচনা সূত্রে সেখানে রবীন্দ্রনাথ বিশেষ কোনো দর্শনের প্রকাশ ঘটিয়েছেন কিনা, বলো।

৩। 'পল্লীসমাজ' উপন্যাসে প্রতিফলিত সেকালের পল্লীসমাজের চিত্রটি তুলে ধরো। ১০

অথবা

রমা-রমেশের সম্পর্কের টানাপোড়েনে 'পল্লীসমাজে'র ভূমিকা আলোচনা করো।

৪। 'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসের গঠনশৈলী বিশ্লেষণ করো। ১০

অথবা

'ঢোঁড়াই চরিত মানস' উপন্যাসে লোকায়ত জীবন কীভাবে বিধৃত হয়েছে আলোচনা করো।

BR

# 2024

# M. A. Third Semester (CBCS) Examination

## Bengali

## Course - CC 3.2

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

১। পুরুষের ভীরু বা কাপুরুষ স্বভাব প্রেমেন্দ্র মিত্রের গল্পের অন্যতম উপাদান। —'জনৈক কাপুরুষের কাহিনী' গল্পে এ স্বভাব কেমনভাবে ধরা পড়েছে দেখাও। ১০

*অথবা*

দেবতাকে জাগ্রত প্রমাণ করতে মানুষের চৈতন্যকে ঘুম পাড়ানোর গল্প 'জাগ্রত দেবতা', —আলোচনা করো।

২। বিমল ও জগদ্দলের পারস্পরিক সম্পর্কের পরিপ্রেক্ষিতে 'অযান্ত্রিক' গল্পটির নামকরণ কতটা যথাযথ, বিচার করো। ১০

*অথবা*

নামকরণ 'তুচ্ছ' হলেও বিষয়টি যে আদৌ তুচ্ছ নয়, গল্পটি অবলম্বনে দেখাও।

৩। 'সমুদ্র' একটি বিকৃত মনস্তত্ত্বের গল্প—আলোচনা করো। ১০

*অথবা*

বাঙালি সংস্কারে সংসারে যিনি অন্ন জোগান, তিনি অন্নপূর্ণা। সেই অন্নপূর্ণা কীভাবে 'নিম অন্নপূর্ণায়' পরিণত হল গল্পটি অবলম্বনে লেখো।

৪। পঠিত গল্পের ভিত্তিতে দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের গল্পে 'মিথ' ব্যবহারের দক্ষতা বিচার করো। ১০

*অথবা*

'শবাগার' গল্পে প্রতিফলিত সমকালীন রাজনৈতিক চিত্রটি তুলে ধরো।

---

# 2024
# M. A. Third Semester (CBCS) Examination
## Bengali
## Course - CC 3.3

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

### সাহিত্যতত্ত্ব ঃ প্রাচ্য ও পাশ্চাত্য

১। 'ধ্বনিরাত্মা কাব্যস্য'—উক্তির আলোকে ধ্বনিকে কাব্যের আত্মা বলা যায় কিনা যুক্তিসহ বুঝিয়ে দাও। ১০

*অথবা*

ধ্বনিবাদ প্রসঙ্গে অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনার পরিচয় দাও।

২। আরিস্টটলের 'পোয়েটিক্স' অবলম্বনে 'অনুকরণতত্ত্ব বিষয়টি বুঝিয়ে দাও। ১০

*অথবা*

ক্যাথারসিস কী ? দুঃখদায়ক ঘটনা কীভাবে আনন্দদায়ক হয়ে ওঠে তা আরিস্টটল অনুসরণে বুঝিয়ে দাও। ৩+৭=১০

৩। ‘সাহিত্যের পথে’ গ্রন্থের ভূমিকা অংশে অমিয় চক্রবর্তীকে লেখা চিঠিতে রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব বিষয়ক কোন্ ভাবনার প্রতিফলন ঘটেছে, সে বিষয়ে আলোকপাত করো। ১০

*অথবা*

‘আধুনিক কাব্য’ প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথ ঠাকুর ‘আধুনিকতা’ বলতে কী বুঝিয়েছেন ব্যাখ্যা করো।

৪। ফেমিনিজম তথা নারীবাদের মূল প্রবণতাগুলি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১০

*অথবা*

উত্তর-আধুনিকতাবাদ বলতে কী বোঝায়? এই মতবাদের মূল দিকগুলি সংক্ষেপে বিবৃত করো। ৪+৬=১০

# 2024

# M. A. Third Semester (CBCS) Examination

## Bengali

## Course - CEC 3.1

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

১। রবীন্দ্র-প্রতিভার বিকাশে জোড়াসাঁকো ঠাকুরবাড়ির ভূমিকা আলোচনা করো। ১০

*অথবা*

রবীন্দ্রনাথের রাশিয়া ভ্রমণের অভিজ্ঞতা তাঁর কাছে 'তীর্থদর্শন'—বিষয়টি বিশদে লেখো।

২। দ্বিজেন্দ্রলাল রায় রবীন্দ্রসাহিত্যকে কেন্দ্র করে কী ধরণের অভিযোগ এনেছিলেন, সে সম্পর্কে আলোকপাত করো। ১০

*অথবা*

রবীন্দ্রনাথের কোন রচনাকে কেন্দ্র করে 'কাব্যে নীতি' সংক্রান্ত বিতর্কটির সূত্রপাত হয়? এই বিতর্কের বিষয়টি লিপিবদ্ধ করো। ২+৮=১০

৩। 'সাধনা' প্রবন্ধমালা গড়ে ওঠার নেপথ্য ইতিহাসটি বিবৃত করো এবং প্রথম প্রবন্ধের মূল বক্তব্য জানাও। ৪+৬=১০

*অথবা*

'The Problem of Self' প্রবন্ধ রচনার প্রেক্ষাপট উল্লেখ করে প্রেমের মধ্য দিয়ে সত্তার মুক্তি সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনাটি ব্যক্ত করো। ৪+৬=১০

৪। 'পাগল' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের নটরাজ শিব-চেতনার পরিচয় দাও। ১০

*অথবা*

"আমাদের সাহিত্যে চিত্রে সমুদ্রপারের রাজপুত্র এসে পৌঁছেছে।" তার সোনার কাঠির স্পর্শে সাহিত্যে, চিত্রে যে গতিশীলতা ও প্রাণশক্তির সঞ্চারের কথা রবীন্দ্রনাথ 'বিচিত্র প্রবন্ধ' গ্রন্থের 'সোনার কাঠি' প্রবন্ধে বলেছেন, তা বুঝিয়ে লেখো।

---

# 2024
# M. A. Third Semester (CBCS) Examination
## Bengali
## Course - CEC 3.2

Full Marks—40 Time—2 Hours

*The figures in the right hand side margin indicate marks.*

১। রবীন্দ্রনাথের নিজস্ব জাতীয়তাবোধ 'গোরা' উপন্যাসে কীভাবে প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা করো। ১০

*অথবা*

বিনয় ও ললিতা 'গোরা' উপন্যাসে চরিত্র হিসাবে গৌণ হলেও উপন্যাসের মূল প্রেমোপাখ্যানকে কীভাবে প্রভাবিত করেছে, তা আলোচনা করো।

২। 'শেষের কবিতা' উপন্যাসের নায়িকা হিসাবে লাবণ্য চরিত্রের স্বরূপ উদ্‌ঘাটন করো। ১০

*অথবা*

কাব্যধর্মী উপন্যাস হিসাবে 'শেষের কবিতা'র মূল্যায়ন করো।

৩। ‘জীবিত ও মৃত’ গল্পে কাদম্বিনীর অস্তিত্বের সংকট কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা করো। ১০

*অথবা*

‘পোস্টমাস্টার’ গল্প অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি চেতনার পরিচয় দাও।

৪। ৮ সংখ্যক ‘চঞ্চলা’ কবিতায় বের্গসঁ-এর গতিবাদ তত্ত্বের প্রতিফলন কীভাবে ঘটেছে দেখাও। ১০

*অথবা*

‘সবুজের অভিযান’ কবিতাটির মধ্যে দিয়ে কবি ‘বলাকা’ কাব্যে যৌবনের যে জয়গান গেয়েছেন—তা আলোচনা করো।

---